

যুক্তরাষ্ট্রের ভিসা জালিয়াতির শাস্তি স্থায়ী নিষেধাজ্ঞা

- A Monitor Desk Report

Date: 19 May, 2025



ঢাকাঃ যুক্তরাষ্ট্রে প্রবেশের ক্ষেত্রে ভিসা জালিয়াতির অভিযোগে দোষী প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যক্তিদের ওপর স্থায়ী নিষেধাজ্ঞা আরোপ করা হবে। এমন সতর্কবার্তা দিয়েছে দেশটির সরকার। ভিসা জালিয়াতি প্রতিরোধ ও অবৈধ অভিবাসন নিয়ন্ত্রণে এ পদক্ষেপ নেওয়া হয়েছে।

আজ সোমবার (১৯ মে) ঢাকায় অবস্থিত মার্কিন দূতাবাস তাদের অফিসিয়াল ফেসবুক পেজে প্রকাশিত এক পোস্টে এই তথ্য জানায়।

পোস্টে বলা হয়, ভিসা জালিয়াতি এবং অবৈধ অভিবাসন ঠেকাতে যুক্তরাষ্ট্র সরকার একটি সমন্বিত আন্তঃসংস্থাপন কর্মসূচি চালু করেছে।

এতে আরও জানানো হয়, যারা এই ধরনের প্রতারণামূলক কর্মকাণ্ডে জড়িত থাকবেন এবং দোষী প্রমাণিত হবেন, তারা যুক্তরাষ্ট্রে প্রবেশের ক্ষেত্রে স্থায়ীভাবে নিষিদ্ধ হবেন। এ নতুন নীতিমালা এমন ব্যক্তিদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে, যারা অবৈধ অভিবাসনে সক্রিয়ভাবে সহায়তা করছেন, এমনকি বিদেশি সরকারগুলোর ক্ষেত্রেও এই বিধান কার্যকর হতে পারে।

-B